

## একদিন মন্ত্রণায়

এ্যাই কি করছো তুমি?

কাজ করছি একটু, কেনো??

চা খাবে তুমি? বানিয়ে দিবো?

উমম দাও, তবে চিনি একটু বেশী দিও, দেড় চামচ

ঠিক আছে আজ চিনি বেশীই দিব, নিয়ে আসি চা

আচ্ছা তুমি বরং ছাদে চলে যাও, আজকে আমরা ছাদে চা খাবো আর  
জোছনা দেখবো।

তুমি গান গাইবে আর আমি তোমার হাত ধরে গান শুনবো।

শোনো, চায়ের সাথে আর কি আনবো?

নিয়ে আসো হালকা কিছু, যা তোমার পছন্দ, এ্যাই কোন গানটা  
গাইবো?

যা তোমার গাইতে ইচ্ছে করবে আমার তাই ভালো লাগবে শুনতে।

তোমার ভালো লাগাই আমার ভালো লাগা।

এ্যাই শোনো কোথাও বেড়াতে গেলে হয় না আজ? আঙুলিয়া কিংবা

আরো দূরে কোথাও? আচ্ছা, তুমি বলো কোথায় তোমার পছন্দ?

যেখানে তুমি আমায় নিয়ে যাবে আমার সেখানেই ভালো লাগবে। কিন্তু

আজ আমার ঘেরোতে ইচ্ছে করছে না যে। প্লীজ আজ চুপটি করে

তোমার কাছে বসে থাকবো। রাগ করলে তুমি?

পাগল

আজ আমি গাইবো তোমার জন্যে আমার প্রিয় একটি গান, "তুমি

সন্ধ্যারও মেঘমালা" তোমার হাত চেপে ধরে বসে গাইবো।

তুমি এমন করে চেপে ধরো যে আমার বড্ড লাগে।

আমি এমন করে তোমাকে ধরবো আর আদর করবো -----

তোমার কষ্ট হবে না জান।

ধ্যাং বাদব

এ্যাই তুমি কি ঘুমিয়ে পড়লে?

হুমম, তোমার গান শুনে চোখ বন্ধ হয়ে আসছে।

তোমাকে অপসরা দেখাচ্ছে জান।

মিথ্যক তুমি অপসরা দেখেছো কখনও আগে??

ধ্যাং নামলোতো ঝম ঝম বৃষ্টি, চলো নীচে যাই।

না জান, আজ তোমাকে নিয়ে বৃষ্টিতে ভিজবো আমি

না বৃষ্টিতে ভিজলে তোমার ঠান্ডা লাগবে

চলো নীচে।

তানবীরা তালুকদার।

জানুয়ারী ২০০৫